

স্মারক নং- ২৭.১২.১৫৮৬.৫৬৮.০১.০১৯.২৩. ২২৩

তারিখঃ ১৭ এপ্রিল, ২০২৩
০৪ বৈশাখ, ১৪৩০

“দপ্তরাদেশ”


বিষয়ঃ অগ্নি নিরাপত্তা সংক্রান্ত সভা ও মহড়া আয়োজন প্রসঙ্গে।

সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, দেশের বিভিন্ন স্থানে অগ্নিকান্ড সংঘটিত হচ্ছে। এতে মূল্যবান জীবনহানিসহ ব্যাপক ক্ষয়ক্ষতি হচ্ছে। যেহেতু, পবিসের অফিসসহ সকল বৈদ্যুতিক স্থাপনা অতিমাত্রায় সংবেদনশীল। সেহেতু, সকল বৈদ্যুতিক স্থাপনার নিরাপত্তা অত্যন্ত গুরুত্বের সাথে পর্যালোচনা করতে হবে। এ উপলক্ষে অত্র পবিসের সদর দপ্তরে আগামী ১৮/০৪/২০২৩খ্রি. তারিখ অগ্নি নিরাপত্তা সংক্রান্ত সভা ও মহড়া অনুষ্ঠিত হবে। এ সময় অত্র পবিসের অফিস ভবন এবং আবাসিক ভবনের আশে-পাশে অগ্নি ঝুঁকি সৃষ্টি করে এমন দাহ্য পদার্থ আছে কি-না তা সরজমিনে পরিদর্শন করাসহ পরিচ্ছন্নতা অভিযান পরিচালনা করা হবে।

উক্ত নিরাপত্তা সভা, মহড়া এবং পরিচ্ছন্নতা অভিযানে অংশগ্রহণের জন্য সদর দপ্তরের সকল কর্মকর্তা/কর্মচারী-কে আগামীকাল সকাল ৯:০০ ঘটিকায় প্রশিক্ষণ কক্ষে উপস্থিত থাকার জন্য নির্দেশ প্রদান করা হলো।

জোনাল, সাব-জোনাল, এরিয়া অফিস, অভিযোগকেন্দ্র এবং সাব-স্টেশনসমূহে অনুরূপ কার্যব্যবস্থা গ্রহণ এবং বাস্তবায়ন সংক্রান্ত প্রতিবেদন নিম্নস্বাক্ষরকারীর বরাবর উপস্থাপনের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশ প্রদান করা হলো।

“বিষয়টি অতীব জরুরী”



(মৃদুল কান্তি চাকমা)
জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ

০১। ডিজিএম, সদর-কারিগরি/মীরসরাই/হাটহাজারী/বারৈয়ারহাট জোনাল অফিস।

০২। এজিএম (মানব সম্পদ/ইএন্ডসি/ওএন্ডএম/এমএস/অর্থ/আইটি)।

০৩। অফিস কপি/মাস্তার কপি।


(মিলকান উদ্দীন)
এজিএম (প্রশাসন)